# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬০৪

পর্ব-১৭: দণ্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - চোরের হাত কাটা প্রসঙ্গ

আরবী

وَرُوِيَ فِي شَرْحِ السُّنَّةِ فِي قَطْعِ السَّارِقِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اقْطَعُوهُ ثُمَّ احسموه»

বাংলা

৩৬০৪-[১৫] আর ইমাম বাগাবী (রহঃ) শারহুস্ সুন্নাহ্-তে ’চোরের হাত কাটা প্রসঙ্গে’ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন, ’তার হাত কেটে দাও এবং গরম তেল দিয়ে তা দাগিয়ে দাও।’[1]

ফুটনোট

[1] হাসান : শারহুস্ সুন্নাহ্ ২৬০২, মুসতাদরাক লিল হাকিম ৮১৫০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু হুমাম বলেনঃ কাটার ক্ষতস্থানে গরম ঈতল দেয়ার দলীল হাকিমের হাদীস দ্বারাও প্রমাণিত।

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّه عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلَامُ أُتِيَ بِسارِقٍ سَرَقَ شَمْلَةً فَقَالَ ﷺ : مَا أَخَالُه سَرَق، فَقَالَ السَّارِقُ : بَلٰى يَا رَسُولَ اللّٰهِ فَقَالَ : اذْهَبُوا بِه فَاقْطَعُوهُ ثُمَّ احْسِمُوهُ، ثُمَّ ائْتُونِي بِه. فَقُطِعَ ثُمَّ حُسِمَ ثُمَّ أُتِيَ فَقَالَ : تُبْتُ إِلَى اللّٰهِ قَالَ : تَابَ اللّٰهُ عَلَيْكَ

আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। একজন চোরকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে নিয়ে আনা হলো। সে একটি জুববা বা পাগড়ী চুরি করেছিল। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, আমার ধারণা, তুমি চুরি করনি। চোরটি বললো, হ্যাঁ, হে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! চুরি করেছি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তাকে নিয়ে যাও এবং তার হাত কাটো। অতঃপর গরম তৈল ক্ষতস্থানে দিবে। তারপর আমার কাছে নিয়ে আসবে। হাত কাটা হলো এবং তৈল দেয়া হলো। অতঃপর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে নিয়ে আসা হলো আর চোরটি বললো, আমি আল্লাহর নিকট তাওবাহ্ করেছি।

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার তাওবাহ্ আল্লাহ কবুল করেছেন। হাদীসটি সহীহ মুসলিমের শর্তে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68931

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন